

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
একাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০১৮

গণ-বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) বেবী ট্যাক্সি/অটো রিক্সা/ইজি বাইক	(৫) পিক আপ	(৯) টেম্পো
(২) ট্যাক্সি ক্যাব	(৬) কার	(১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের
(৩) মাইক্রোবাস	(৭) বাস	বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন
(৪) জিপ	(৮) ট্রাক	


২। সে সাথে ২৮ ডিসেম্বর তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১ জানুয়ারি ২০১৯ তারিখ পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্গিতাবস্থায়, একাদশ জাতীয় নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সেই সাথে ২৮ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০১ জানুয়ারি ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

স্থান: রিটার্নিং অফিসারের কার্যালয়, সিলেট

তারিখ: ২ ৬ দিন ১ ২ মাস ২ ০ ১ ৮ বৎসর



রিটার্নিং অফিসারের পূর্ণ নাম ও স্বাক্ষর

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক সিলেট

ও
রিটার্নিং অফিসার
একাদশ জাতীয় সংসদ নির্বাচন, সিলেট


স্মারক নম্বর ০৫.৪৬.৯১০০.০০৮.৭৫.২০১৮-১৮৬

তারিখ :

১২ পৌষ ১৪২৫
২৬ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
- ৪। পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
- ৫। পুলিশ সুপার, সিলেট
- ৬। অধিনায়ক, বিজিবি, সিলেট
- ৭। অধিনায়ক, র্যাব-৯, সিলেট
- ৮। কমান্ডার, ১৮ বীর, বাংলাদেশ সেনাবাহিনী, সিলেট
- ৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার
- ১০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), সিলেট
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট
- ১৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (গণ-বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, সিলেট (সকল)
- ১৫। অফিসার-ইন-চার্জ, সকল থানা, সিলেট
- ১৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট (সকল)
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, সিলেট
- ১৮। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট

ও

রিটার্নিং অফিসার